

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.৩১০.২০১৯/ ৪৭০০/৬

তারিখ: ০৭/০৭/১৪২৬বঙ্গাব্দ
২৩/১০/২০১৯খ্রিস্টাব্দ

বিষয় : ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন আলমগীর মনসুর (মিন্টু) মেমোরিয়াল কলেজের ডিগ্রি (পাস) পর্যায়ে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ জামান পারভেজ, প্রভাষক (মার্কেটিং) কে উচ্চ মাধ্যমিক পর্যায়ে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে প্যাটার্নভুক্ত পদে সমন্বয়।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন আলমগীর মনসুর (মিন্টু) মেমোরিয়াল কলেজের স্নাতক পর্যায়ে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ জামান পারভেজ, প্রভাষক (মার্কেটিং) কে উচ্চ মাধ্যমিক স্তরের উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে পদ সমন্বয়পূর্বক এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য অধ্যক্ষ আবেদন করেছেন।

জনবল কাঠামো-২০১৮ এর ৯ (ii) ধারায় বর্ণিত আছে- “উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি (পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এমপিওভুক্ত নয় এমন একই বিষয়/পদে শিক্ষক/কর্মচারীগণকে প্যাটার্নভুক্ত শূন্যপদের বিপরীতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে”।

শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-শিম/শা-১৩/এমপিও নীতিমালা সংশোধন/২০১২/৪১৪; তারিখ: ১১/১২/২০১৩খ্রি. মোতাবেক অর্থায়ন ও উৎপাদন এবং বিপণন বিষয়ের পরিমার্জিত শিরোনাম উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিবেচিত হবে।

স্নাতক পর্যায়ে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ জামান পারভেজ, প্রভাষক (মার্কেটিং) কে নিয়োগ প্রক্রিয়া যথাযথ থাকলে জনবল কাঠামো-২০১৮ এর ৯ (ii) ধারা মোতাবেক প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) পদে সমন্বয় করতে কোন বাধা নেই।

এমতাবস্থায়, বর্ণিত প্রভাষকের নিয়োগ যথাযথ হলে তাঁর এমপিওভুক্তির লক্ষ্য অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৩.১০.১৭

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

আলমগীর মনসুর (মিন্টু) মেমোরিয়াল কলেজ
সদর, ময়মনসিংহ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, আলমগীর মনসুর (মিন্টু) মেমোরিয়াল কলেজ, সদর, ময়মনসিংহ
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ৩। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ময়মনসিংহ
- ৫। জনাব মোঃ জামান পারভেজ, প্রভাষক (মার্কেটিং), আলমগীর মনসুর (মিন্টু) মেমোরিয়াল কলেজ, সদর, ময়মনসিংহ
- ৬। সংরক্ষণ নথি।